

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২০৩-আইন/২০১০/৫৫২-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ (৪ক) এর সহিত পঠিতব্য, এ প্রদণ শৰ্মতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাং মোতাবেক ১২ জুন, ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৭৬-আইন/২০০৩/৩৮৪-মূসক মূলে জারিকৃত বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পক্ষতি বিধিমালা, ২০০৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ২ এর দফা (ঘ) এবং (ঙ) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ দফা (ঘ) এবং (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(ঘ) “বিড়ি” অর্থ যন্ত্রের সাহায্য ব্যুত্তি, ফিল্টার সংযুক্ত বা ফিল্টার বিযুক্ত, হাতে তৈরী বিড়ি;

(ঙ) “বিড়ির প্যাকেট” অর্থ কাগজ বা অন্য কোন উপকরণ দ্বারা আবৃত ফিল্টার বিযুক্ত ২৫ (পঁচিশ) শলাকা বিড়ি বা ফিল্টার সংযুক্ত ২০(বিশ) শলাকা বিড়ি ধারণযোগ্য এমন কোন প্যাকেট;”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মুন্তাফিজুর রহমান ]  
দ্বিতীয় সচিব (মূসক পণ্য বাস্তবায়ন)